



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১ কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd



স্মারক নং- ২৬.০৬.০০০০, ০৯৩.০২.০৯৭.২১.২৪০৪

তারিখ: ৩০.০২.২২

পরিচয়

বিষয়: ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের উদ্দেশ্যে নিবন্ধিত কোম্পানির সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধি ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে সার্টিফাইড কপি অনলাইনে প্রেরণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, সেবা সহজীকরণের লক্ষ্যে ও ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের উদ্দেশ্যে এ পরিদপ্তরে অনলাইনে নিবন্ধিত কোম্পানিসমূহের সংশোধিত/পরিবর্তিত সংঘ স্মারক ও সংঘ বিধির সার্টিফাইড কপি ম্যানুয়াল স্বাক্ষরের পরিবর্তে ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে অনলাইনে প্রদানের ক্ষেত্রসমূহ নিম্নোক্তভাবে কার্যকর করার জন্য পরিপন্থ জরী করা হলো:-

- (ক) অনলাইনে নিবন্ধিত যে সকল কোম্পানি সংঘ স্মারক ও সংঘ বিধি এখন পর্যন্ত পরিবর্তন করেনি শুধুমাত্র সে সকল কোম্পানির সংশোধিত সংঘ স্মারক ও সংঘ বিধির প্রযোজ্য অংশটুকু আরজেএসসির সফটওয়্যারে নির্ধারিত ফরমে দাখিল করবে।
- (খ) সংঘ স্মারকের উদ্দেশ্যাবলির পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত/সংশোধিত অংশটুকু অনলাইনে দাখিল করবে এবং মহামান্য হাইকোর্টের সংশোধিত/পরিবর্তন সংক্রান্ত আদেশের কপি সংযুক্ত হিসেবে দাখিল করতে হবে।
- (গ) কোম্পানির নাম পরিবর্তনের ক্ষেত্রে কোম্পানির নাম পরিবর্তনের বিশেষ সভার সিদ্ধান্ত এবং নতুন প্রস্তাবিত নামের ছাড়পত্রের নম্বর (Name Clearance number) এন্টি করতে হবে।
- (ঘ) অনুমোদিত মূলধন (Authorized Capital) পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলী অনলাইনে নির্ধারিত ফরম viii ও ফরম iv সহ এন্টি করতে হবে।
- (ঙ) শেয়ারের নামিক মূল্যের (Nominal Value of Share) পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলী অনলাইনে নির্ধারিত ফরম viii ও ফরম iii সহ এন্টি করতে হবে।
- (চ) নিবন্ধিত প্রাইভেট লিমিটেড থেকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত নির্ধারিত ফরম viii ও ফরম v অনলাইনে এন্টি করতে হবে।
- (ছ) নিবন্ধিত পাবলিক লিমিটেড কোম্পানি হতে প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রূপান্তরের ক্ষেত্রে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত এবং পরিবর্তন সংক্রান্ত নির্ধারিত ফরম viii অনলাইনে এন্টি করবে।
- (জ) এ সংক্রান্ত টিউটেরিয়াল আরজেএসসির ওয়েবসাইটে (<https://roc.gov.bd>) অন্যান্য টিউটোরিয়াল এ পাওয়া যাবে।

এ আদেশ ০৪.১২.২০২২ খ্রি: তারিখ হতে কার্যকর হবে।

শেখ শোমেবুল আলম এনডিসি
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৪০৩

বিতরণঃ (জেন্ট্যুরার ত্রুমানুসারে নয়।)

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইভান্সি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৫. সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স এন্ড ইভান্সি, ১২২-১২৪ মতিঝিল, ঢাকা।
৬. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স ইভান্সি, ঢাকা চেম্বার বিস্টিং, ৬৫-৬৬ মতিঝিল, ঢাকা।
৭. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচার এন্ড এক্সপোর্টার এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ ৭/৭এ, সেক্টর-১৭, ব্রক-এইচ-১, উত্তরা, ঢাকা।
৮. সভাপতি, বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার এসোসিয়েশন, ১৩/এ সোনারগাঁও রোড, ঢাকা।
৯. সভাপতি, ইন্সটিউট অফ চার্টার্ড সেক্রেটারীজ অফ বাংলাদেশ, পদ্মা লাইফ ইনসুরেন্স ভবন, ১০৫, কাজী নজরুল এভিনিউ, ঢাকা।
১০. সহকারী নিবন্ধক, সংস্থাগন শাখা, আরজেএসসি, ঢাকা।
১১. সহকারী প্রোগ্রামার, আরজেএসসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।